**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 06-02-2026** **Desk in Charge : Kalyan L.**
**Time: 1-30PM** **Compiling :- Indranil M./ Chanchal B.**
**DEO: KB** **NRT : Chanchal B.**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১। প্রধানমন্ত্রী আজ ‘পরীক্ষা পে চর্চা’র নবম পর্বে শিক্ষার্থীদের নিজেদের মৌলিক শেখার পদ্ধতির ওপর আস্থা রাখতে পরামর্শ দিয়েছেন।

২/ বিভিন্ন ইস্যুতে বিরোধী সাংসদদের হৈ-হট্টোগোলের জেরে লোকসভা দিনের মতো মুলতবি করা হয়েছে।

৩/ রিসার্ভ ব্যাঙ্ক রেপো রেট ৫ দশমিক ২/৫ শতাংশে অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত নিয়েছে। ২০২৬-২৭ অর্থ বছরের প্রথম ত্রৈমাসিকের জন্য প্রকৃত GDP বৃদ্ধির হার সংশোধন করে ৬ দশমিক ৯ শতাংশ এবং দ্বিতীয় ত্রৈমাসিকের জন্য ৭ শতাংশ করেছে।

৪। মার্কিন যুক্তরাষ্ট্র ও রাশিয়া চার বছরেরও বেশি সময় পর সামরিক আলোচনা আবার শুরু করতে সম্মত হয়েছে

৫/ অনূর্ধ্ব-১৯ ক্রিকেট বিশ্বকাপের ফাইনালে ভারত ও ইংল্যান্ডের মধ্যে খেলায় টসে জিতে ভারত প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নিয়েছে।

*********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ জনপ্রিয় আলাপচারিতা পরীক্ষা পে চর্চা-র নবম পর্বে শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় করেন। প্রকাশিত একটি ভিডিওতে প্রধানমন্ত্রীকে পরীক্ষায় চাপ ও উদ্বেগ কাটিয়ে ওঠার বিষয়ে শিক্ষার্থীদের উদ্দেশে বক্তব্য রাখতে দেখা যায়। এই মতবিনিময়ের সময়, শ্রী মোদি শিক্ষার্থীদের তাদের নিজস্ব শেখার পদ্ধতির ওপর আস্থা রাখতে পরামর্শ দেন এবং জোর দিয়ে বলেন যে কোনো দুজন ব্যক্তি একই ভাবে চিন্তা করে না বা বেড়ে ওঠে না। তিনি বলেন যে প্রত্যেক শিক্ষার্থীর একটি স্বতন্ত্র শৈলী রয়েছে এবং প্রত্যেকের নিজের প্রস্তুতির পদ্ধতির ওপর পূর্ণ বিশ্বাস রাখাটা গুরুত্বপূর্ণ। তিনি বলেন যে একই সঙ্গে, শিক্ষার্থীদের, শিক্ষক, পিতামাতা এবং সংশ্লিষ্টজনদের দেওয়া পরামর্শগুলি মনোযোগ সহকারে শোনা উচিত এবং বোঝা উচিত এবং দরকারী অংশগুলি গ্রহণ করা উচিত। প্রধানমন্ত্রী শিক্ষার্থীদের অপরের অন্ধ অনুকরণ না করে, নিজেদের অভিজ্ঞতা এবং আত্ম-উপলব্ধি যোগ করতে উৎসাহিত করেন।

( বাইটঃ- মোদী )

প্রতিটি শিক্ষার্থীর শেখার গতি প্রকৃতির প্রতি শিক্ষাদের সংবেদনশীল থাকা উচিত বলে প্রধানমন্ত্রী পরামর্শ দিয়েছেন। তিনি বলেন যে একজন শিক্ষককে শিক্ষার্থীর থেকে ঠিক এক ধাপ এগিয়ে থাকা উচিত। তিনি শিক্ষার্থিদের প্রতি কোনো রকম ভীতি প্রকাশ না করার পরামর্শ দেন। প্রধানমন্ত্রী শিক্ষাদানকে কৃষিকাজের সঙ্গে তুলনা করে বলেন যে, একজন কৃষক যেমন বীজ বপনের আগে যত্ন সহকারে মাটি কর্ষণ করেন, তেমনি শিক্ষকদেরও শিক্ষার্থীদের মনকে ধৈর্য ধরে লালন করতে হবে যাতে তাদের শেখানো বিষয়গুলি শিক্ষার্থদের মনে শিকড়ের মোট গেঁথে যেতে পারে।

*************************

সাবাবত ভেঙ্কটেশ নামে একজন শিক্ষার্থী প্রধানমন্ত্রীকে জিজ্ঞাসা করেন যে নম্বর পাওয়ার চেয়ে দক্ষতা বেশি গুরুত্বপূর্ণ কি না।

( বাইট- ভেঙ্কটেশ )

শ্রী মোদি উত্তরে বলেন যে জীবনের প্রতিটি ক্ষেত্রে ভারসাম্য অপরিহার্য। তিনি ব্যাখ্যা করেন যে নম্বর বা দক্ষতা যে কোনো একদিকে খুব বেশি ঝুঁকে পড়লে ভারসাম্যহীনতা দেখা দিতে পারে, অন্যদিকে সঠিক ভারসাম্য বজায় রাখলে স্থিতিশীলতা এবং বৃদ্ধি নিশ্চিত হয়। প্রধানমন্ত্রী বলেন যে দক্ষতাকে প্রধানত দুটি বিভাগে ভাগ করা যায়, জীবন দক্ষতা এবং পেশাগত দক্ষতা। শিক্ষার্থীদের উভয়ই বিকাশের উপর মনোযোগ দিতে হবে। তিনি জোর দিয়ে বলেন যে সঠিক অধ্যয়ন, পর্যবেক্ষণ এবং জ্ঞানের প্রয়োগ ছাড়া কোনো দক্ষতা অর্জন করা সম্ভব নয়।

( বাইট- মোদী )

*************************

বিভিন্ন ইস্যুতে বিরোধীদের হৈ-হট্টগোলের জেরে লোকসভা দিনের মতো মুলতবি করা হয়েছে। দুপুর ১২টায় প্রথম মুলতবির পর অধিবেশন শুরু হলে কংগ্রেস, তৃণমূল কংগ্রেস এবং ডিএমকে সহ বিরোধী দলের সদস্যরা আবারও সভাকক্ষের কেন্দ্রে নেমে আসেন এবং সরকারের বিরুদ্ধে স্লোগান দিতে থাকেন। স্পিকারের আসনে থাকা ব্যক্তি সদস্যদেরকে সভার কার্যক্রমে বাধা না দেওয়ার জন্য অনুরোধ করেন এবং তাদের নিজ নিজ আসনে ফিরে গিয়ে অধিবেশন চলতে দেওয়ার আবেদন জানান। বিরোধীদের হৈ হট্টগোলের মধ্যেই সংশ্লিষ্ট মন্ত্রীরা তাদের মন্ত্রকের কাগজপত্র পেশ করেন। স্পিকারের আসনে থাকা দায়িত্বপ্রাপ্ত সাংসদের বারবার অনুরোধ সত্ত্বেও বিরোধী সদস্যরা তাদের প্রতিবাদ চালিয়ে যান, ফলে অধিবেশন দিনের মতো মুলতবি করা হয়। ২০২৬-২৭ সালের কেন্দ্রীয় বাজেট নিয়ে আলোচনার বিষয়টি সভার কার্যসূচিতে তালিকাভুক্ত থাকলেও তা শুরু করা সম্ভব হয়নি। সোমবার সকাল ১১টায় আবারও অধিবেশন বসবে।

*************************

দিনের শুরুতে লোকসভার কাজ শুরু হলে অধ্যক্ষ ওম বিড়লা প্রশ্নোত্তর পর্ব শুরু করার চেষ্টা করেন কিন্তু বিরোধী সদস্যরা সভাকক্ষের ওয়েলে নেমে এসে স্লোগান দিতে শুরু করেন। শ্রী বিরলা বিরোধী সদস্যদের আচরণে উদ্বেগ প্রকাশ করেন এবং

তাঁদেরকে সংসদ চলতে দেওয়ার জন্য অনুরোধ করেন। তিনি বলেন, সংসদের কার্যক্রমে বিঘ্ন ঘটানোর কারণে এ পর্যন্ত সংসদের ১৯ ঘণ্টারও বেশি সময় নষ্ট হয়েছে।

( বাইট - ওম বিড়লা )

অধ্যক্ষ বিরোধী সাংসদদের বিরুদ্ধে ইচ্ছাকৃতভাবে সংসদে বিশৃঙ্খলা সৃষ্টির অভিযোগ আনেন। তিনি সদস্যদের সংসদের মর্যাদা ও শৃঙ্খলা বজায় রাখার আহ্বান জানান এবং বলেন যে প্রশ্নোত্তর পর্বে অন্য সদস্যদের কথা বলার সুযোগ দেওয়া উচিত। শ্রী বিরলা বলেন, দেশের মানুষ অর্থপূর্ণ আলোচনার জন্য সদস্যদের নির্বাচিত করেছেন, কিন্তু বিরোধী সদস্যরা স্লোগান দিয়ে এবং প্ল্যাকার্ড প্রদর্শন করে সংসদের কাজকর্মকে ব্যাহত করছেন। বিরোধী সদস্যরা তাঁদের বিক্ষোভ চালিয়ে গেলে দুপুর ১২টা পর্যন্ত সংসদ মুলতবি করা হয়।

***************************

জম্মু ও কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লাহ আজ জম্মু-কাশ্মির বিধানসভায় ২০২৬-২৭ সালের জন্য কেন্দ্রশাসিত অঞ্চলের বাজেট পেশ করবেন। বিধানসভা সচিবালয় কর্তৃক প্রচারিত কর্মসূচী অনুসারে, অর্থ দপ্তরেরও দায়িত্বে থাকা মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লাহ প্রশ্নোত্তর পর্বের পর পরবর্তী আর্থিক বছরের জন্য বাৎসরিক আর্থিক সমীক্ষা রিপোর্ট পেশ করবেন। এর পাশাপাশি তিনি ২০২৫-২৬ সালের জন্য অতিরিক্ত ব্যয়বিবরণীও পেশ করবেন। এটি হবে মুখ্যমন্ত্রী হিসেবে তাঁর দ্বিতীয় বাজেট। উল্লেখ্য গত বছরের ৭ মার্চ শ্রী আবদুল্লাহ চলতি অর্থবর্ষের বাজেট পেশ করেছিলেন।

***************************

রিজার্ভ ব্যাংক রেপো রেট ৫ দশমিকে দুই/পাঁচ শতাংশে অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত নিয়েছে। শীর্ষ ব্যাঙ্কের গভর্নর সঞ্জয় মালহোত্রা আজ তিন দিনের মুদ্রানীতি কমিটির বৈঠকের এই সিদ্ধান্ত ঘোষণা করেন।এর ফলে স্ট্যান্ডিং ডিপোজিট ফ্যাসিলিটি রেট ৫ শতাংশে এবং মার্জিনাল স্ট্যান্ডিং ফ্যাসিলিটি রেট ও ব্যাংক রেট ৫ দশমিক ৫০ শতাংশ বহাল থাকবে বলে মুদ্রানীতি কমিটি সিদ্ধান্ত নিয়েছে।

উল্লেখ্য রিজার্ভ ব্যাংক অফ ইণ্ডিয়া ২০২৬-২৭ অর্থবছরের প্রথম ত্রৈমাসিকের জন্য প্রকৃত জিডিপি বৃদ্ধির হার পূর্বাভাস সংশোধন করে ৬ দশমিক ৯ শতাংশ এবং দ্বিতীয় ত্রৈমাসিকের জন্য ৭ শতাংশ করেছে। ২০২৫-২৬ অর্থবছরের জন্য উপভোক্তা পণ্য সূচক ভিত্তিক মুদ্রাস্ফীতির পূর্বাভাস এখন ২ দশমিক ১ শতাংশ ধরা হয়েছে, যার মধ্যে চতুর্থ ত্রৈমাসিকে এটি ৩ দশমিক ২ শতাংশ থাকবে। কেন্দ্রীয় ব্যাঙ্কের মতে, ২০২৬-২৭ অর্থবছরের প্রথম ত্রৈমাসিকে উপভোক্তা পণ্য সূচক ভিত্তিক মুদ্রাস্ফীতি ৪ শতাংশ এবং দ্বিতীয় ত্রৈমাসিকে ৪ দশমিক ২ শতাংশ হবে বলে আশা করা হচ্ছে।

*************************

ট্রান্স-অরুণাচল হাইওয়ে ক্ষতিপূরণ কেলেঙ্কারির সঙ্গে যুক্ত অর্থ পাচার তদন্তে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি) বিভিন্ন স্থানে তল্লাশি অভিযান চালাচ্ছে। মুলত অরুণাচল প্রদেশেই এই তল্লাশি চলছে।

*************************

উৎসবের মরশুমে যাত্রীদের জন্য মসৃণ এবং নিরাপদ যাত্রা সুনিশ্চিত করতে ভারতীয় রেলের পক্ষ থেকে এই বছর হোলি উপলক্ষে রেকর্ড সংখ্যক ট্রেন চালানোর কথা ঘোষণা করা হয়েছে। রেলমন্ত্রক জানিয়েছে, বর্ধিত যাত্রীচাহিদা পূরণের লক্ষ্যে সারা দেশে হোলির জন্য ১,৪১০ টিরও বেশি বিশেষ ট্রেন চালানো হবে। পরবর্তীকালে সেই সংখ্যা বেড়ে ১৫০০ করা হতে পারে বলেও জানানো হয়েছে। এই বিশেষ ট্রেনগুলি মূলত মার্চ মাসে প্রধান গন্তব্যগুলির মধ্যে যোগাযোগব্যাবস্থা উন্নত করার জন্য চালানো হবে জানানো হয়েছে।

রেলওয়ে জোনগুলির মধ্যে, পূর্ব মধ্য রেলওয়ে সর্বাধিক ২৮৫টি, পশ্চিম রেলওয়ে ২৩১টি এবং মধ্য রেলওয়ে ২০৯টি হোলির বিশেষ ট্রেন চালাবে। দক্ষিণ মধ্য রেলওয়ে ১৬০টি পরিষেবা প্রদান করবে এবং উত্তর রেলওয়ে ১০৮টি বিশেষ ট্রেন চালাবে। উত্তর পশ্চিম, উত্তর মধ্য, উত্তর পূর্ব, পূর্ব উপকূল, দক্ষিণ এবং দক্ষিণ পশ্চিম রেলওয়ে

সহ অন্যান্য জোনগুলিও উৎসবের মরশুমে আঞ্চলিক যোগাযোগ ব্যবস্থা জোরদার করতে অতিরিক্ত পরিষেবা প্রদান করবে।

*************************

মার্কিন যুক্তরাষ্ট্র ও রাশিয়া চার বছরেরও বেশি সময়ের মধ্যে প্রথমবারের মতো উচ্চ-পর্যায়ের সামরিক সংলাপ আবারও শুরু করতে রাজি হয়েছে। ২০২২ সালের ফেব্রুয়ারিতে ইউক্রেনে রাশিয়ার সামরিক অভিযান শুরু করার আগে মস্কো ও ওয়াশিংটন DCর মধ্যে উত্তেজনা বাড়তে থাকায় ২০২১ সালের শেষ দিকে উচ্চ-পর্যায়ের সামরিক যোগাযোগ স্থগিত হয়ে যায়। পরবর্তীতে Donald ট্রাম্প দ্বিতীয় মেয়াদের রাষ্ট্রপতি নির্বাচনের প্রচার অভিযানের সময় প্রতিশ্রুতি দেন, তিনি ক্ষমতায় ফিরলে দ্রুত সংঘাতের অবসান ঘটাবেন। শান্তি ফিরিয়ে আনার জন্য কিছু প্রস্তাব ক্রেমলিনের পক্ষে ছিল। এর মধ্যে উল্লেখযোগ্য হল ইউক্রেনকে রাশিয়া ইউক্রেনের যে অঞ্চলগুলি নিজেদের নিয়ন্ত্রণে রেখেছে, সেগুলি রাশিয়ার কাছে ছেড়ে দিতে হবে।

ইউরোপে মার্কিন কমান্ড এক বিবৃতিতে জানিয়েছে যে এই সংলাপ প্রতিরক্ষা বাহিনীগুলির মধ্যে যোগাযোগের সুযোগ তৈরি করবে। এর ফলে , একটি স্থায়ী শান্তির উদ্যোগ বাস্তবায়িত হবে। সংযুক্ত আরব আমিরশাহীতে ঊর্ধ্বতন রুশ ও মার্কিন সামরিক কর্মকর্তাদের মধ্যে এক বৈঠকের পর এই চুক্তিটি স্বাক্ষরিত হয়।

*************************

মার্কিন যুক্তরাষ্ট্র ও রাশিয়া আজ উচ্চ পর্যায়ে সামরিক আলোচনা আবার শুরু করতে চলেছে। ২০২২-এ ইউক্রেন সংঘর্ষ শুরুর কিছুদিন আগেই এই আলোচনা স্থগিত রাখা হয়। ট্রাম্প প্রশাসন যে, মস্কোর সঙ্গে সম্পর্ক সহজ করার লক্ষ্যে এগিয়ে চলেছে, এই বৈঠক তারই সূচনা বলে মনে করা হচ্ছে। দু'দেশের মধ্যে NEW START চুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর এই বৈঠক বিশেষ তাৎপর্যপূণ।

মার্কিন আধিকারিক জানিয়েছেন, শান্তি চুক্তির অঙ্গ হিসাবেই ওয়াশিংটন ও মস্কোর মধ্যে সামরিক এই আলোচনা আবার শুরু হবে। চার বছর ধরে ইউক্রেন সংঘাতেরও এর ফলে অবসান হবে বলে আশা করা হচ্ছে।

*************************

বাংলাদেশ জাতীয়তাবাদী দল- BNP’র চেয়ারম্যান তারেক রহমাণ অভিযোগ করেছেন, জামায়াতে ইসলামী নতুন অত্যাচারী শক্তি হিসেবে উঠে আসছে। তিনি বলেন, ষড়যন্ত্রকারীরা গণতন্ত্র, নারীর মর্যাদা ও ভোটাধিকারকে ক্ষুণ্ণ করার পরিকল্পনা করছে। বরিশাল ও ফরিদপুরে সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে তিনি জানান, বছরের পর বছর কর্তৃত্ববাদী শাসনের বিরুদ্ধে লড়াইয়ের পর আবার নতুন এক দমন পীড়ন চালানো শক্তির উত্থান উদ্বেগজনক।

তারেক রহমান অভিযোগ করেন, জামায়াতের এক নেতা সম্প্রতি নারীদের বিরুদ্ধে অবমাননাকর মন্তব্য করেছেন, যা বিপজ্জনক মানসিকতার পরিচায়ক। তিনি বলেন, মতপ্রকাশের স্বাধীনতা ও ভোটাধিকার খর্ব করা হচ্ছে। নারীদের অসম্মান করা কোন দল জাতীয় অগ্রগতিতে অবদান রাখতে পারে না বলেও তিনি উল্লেখ করেন। এদিকে ঢাকায় জামায়াতে ইসলামী তাদের নির্বাচনী ইশতেহার প্রকাশ করেছে। জামায়াত আমীর শফিকুর রহমান নারীদের কাজের সময় ধীরে ধীরে কমানোর পরিকল্পনার কথা পুনর্ব্যক্ত করেছেন, যা নিয়েও তীব্র জনমত সৃষ্টি হয়েছে।

এদিকে লক্ষ্মীপুরে এক ছাপাখানার মালিক আদালতে স্বীকার করেছেন, তিনি জামায়াত নেতার নির্দেশে অবৈধ ভোটের সিল তৈরি করেছেন। পুলিশ ছয়টি ভুয়ো সিল ও সরঞ্জাম জব্দ করেছে। নওগাঁ ও কুষ্টিয়ায় বিএনপি ও জামায়াত সমর্থকদের সংঘর্ষে অন্তত ২০ জন আহত হয়েছেন।

*************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ‘পরীক্ষা পে চর্চা’ অনুষ্ঠানের ৯ম পর্বে ছাত্রছাত্রীদের সঙ্গে মত বিনিময় করবেন। এই কর্মসূচির উদ্দেশ্য হলো পরীক্ষার চাপ নিয়ে

আলোচনা করা এবং পরীক্ষাকে জীবনের উৎসব ও অবিচ্ছেদ্য অংগ হিসেবে উদযাপন করা।

সকাল ১০টায় এই অনুষ্ঠান দূরদর্শন, প্রধানমন্ত্রীর ইউটিউব চ্যানেল এবং শিক্ষা মন্ত্রকের সামাজিক মাধ্যম প্ল্যাটফর্মে সরাসরি সম্প্রচারিত হবে। এছাড়াও বিভিন্ন OTT প্ল্যাটফর্মে লাইভ স্ট্রিমিং করা হবে। ওয়েভস ওটিটি, আমাজন প্রাইম ভিডিও, জিও, জি-৫, সনি LIV ও স্পটিফাই এও এই অনুষ্ঠান সম্প্রচারিত হবে।

**************************

মিশর ও তুরস্ক , দুই দেশের বাণিজ্যবৃদ্ধি এবং প্রধান আঞ্চলিক বিষয়গুলিতে সমন্বয় বৃদ্ধির লক্ষ্যে রাজনৈতিক ও অর্থনৈতিক সহযোগিতা জোরদার করার প্রতিশ্রুতি গ্রহণ করেছে। মিশরের প্রেসিডেন্ট আবদেল ফাত্তাহ আল-সিসি এবং তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়্যেপ এরদোয়ান কায়রোতে সাক্ষাৎ করেন এবং দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ককে পুনরুজ্জীবিত করার প্রতিশ্রুতিতে নতুন করে জোর দেন। দুই রাষ্ট্রপ্রধান উচ্চ-পর্যায়ের কৌশলগত সহযোগিতা পরিষদের দ্বিতীয় বৈঠকে যৌথভাবে সভাপতিত্ব করেন এবং মিশর-তুরস্ক বিজনেস ফোরামের সমাপ্তি অধিবেশনে অংশগ্রহণ করেন।

উল্লেখ্য দীর্ঘ বৈঠকের পর মিশরীয় প্রেসিডেন্ট ইঙ্গিত দিয়েছেন যে দুই দেশের মধ্যে এই আলোচনাগুলো নিয়মিত স্তরে অব্যাহত রাখা এবং ২০২৮ সালে আঙ্কারায় কৌশলগত সহযোগিতা পরিষদের পরবর্তী বৈঠক আয়োজনের বিষয়ে দুই দেশের মধ্যে হওয়া চুক্তিকে নিশ্চিত করেছে।

**************************

কিংদাওতে অনুষ্ঠিত ব্যাডমিন্টন এশিয়া টিম চ্যাম্পিয়নশিপের কোয়ার্টার ফাইনালে আজ চীনের কাছে ০-৩ ব্যবধানে হেরে মহিলাদের দলগত ইভেন্টে ভারতীয় মহিলা দলের লড়াই শেষ হয়েছে। ফর্মে থাকা তানভি শর্মা প্রথম ম্যাচে চীনের গাও ফাং জিয়ের কাছে ৯-২১, ৯-২১ গেমে হেরে যান। এরপর গায়ত্রী গোপীচাঁদ এবং ট্রেসা জলি ভারতীয় জুটি চিনা জুটি জিয়া ই ফান এবং ঝাং শু শিয়ানের কাছে ২২-২৪, ১৮-

২১ এ গেম হাতছাড়া হারেন। অন্যদিকে দ্বিতীয় সিঙ্গলসে রক্ষিতা রামরাজও চীনের জু ওয়েন জিংয়ের কাছে ১৪-২১, ২১-১৫, ১৭-২১ গেমে পরাজিত হন। ভারতীয় পুরুষ দল আজ কোয়ার্টার ফাইনালে দক্ষিণ কোরিয়ার মুখোমুখি হবে।

*************************

পুরুষদের অনূর্ধ্ব ১৯ ক্রিকেট বিশ্বকাপের ফাইনালে আজ ভারত টসে জিতে প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নিয়েছে। শেষ পাওয়া খবরে ভারত ৮ ওভারের শেষে এক উইকেটে ৫৩ রান করেছে।

ক্রিজে রয়েছেন বৈভব সূর্যবংশী ও অধিনায়ক আয়ুশ মাহাত্রে। অ্যালেক্স গ্রিন-এর বলে ৯ রানে আউট হয়েছেন ভারতীয় ওপেনিং ব্যাটসম্যান অ্যারণ জর্জ।

*****************************************************************